প্রথম আলো

তারিখ 17 APR 2017

# বিকাশে হিসাবে যাবে ৩ লাখ শিক্ষার্থীর উপবৃত্তি

সারা দেশের ২ হাজার ৯১৬টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৩ লাখ শিক্ষার্থী সরকারের উপবৃত্তির টাকা পাবে বিকাশ হিসাবে। এসব শিক্ষার্থী বছরে দুবার তাদের বিকাশ হিসাবে উপবৃত্তির টাকা পাবে। রাষ্ট্রমালিকানাধীন অগ্রণী ব্যাংকের সহযোগিতায় মোবাইল ব্যাংকিং সেবা দানকারী প্রতিষ্ঠান বিকাশের মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণ কার্যক্রমের সূচনা হয়েছে গতকাল রোববার। মাধ্যমিক শ্রেণিতে পড়ুয়া ছাত্রছাত্রীরা পাবে এ সেবা।

এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কারিগরি ও আর্থিক সহযোগিতায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেসিপ) আওতায় এ সেবা দেওয়া হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল প্রধান অতিথি হিসেবে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলনকক্ষে এ কার্যক্রমের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাউশি বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন।

সেসিপের প্রকল্প পরিচালক এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর এবং অগ্রণী ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মো. ইসমাইল হোসেন, এডিবির বাংলাদেশ কার্যালয়ের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর চাই লি এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জিনাত ইমতিয়াজ আলী। বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর